দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 APR 2016
পৃষ্ঠা ২০ কলাম ৩

রোগীদের দুর্ভোগ

# রামেক হাসপাতালে ইন্টার্ন ডাক্তারদের কর্মবিরতি অব্যাহত

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রোগীর মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে চিকিৎসকদের মারধর ও লাঞ্ছিত করার প্রতিবাদে রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) হাসপাতালের ইন্টার্ন চিকিৎসকরা কর্মবিরতি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন। শনিবার দুপুর ১২টা থেকে বিকেল ৩টা পর্যন্ত হাসপাতালের পরিচালকের সঙ্গে বৈঠকে সমঝোতা না হওয়ায় তারা এ কর্মবিরতি কর্মসূচী অব্যাহত রেখেছেন। হাসপাতালের পরিচালকের সঙ্গে বৈঠকের পর সংবাদ সম্মেলন ডেকে ইন্টার্ন চিকিৎসকরা কর্মবিরতি অব্যাহত রাখার ঘোষণা দেন।

এদিকে ইন্টার্ন চিকিৎসকদের ধর্মঘট অব্যাহত থাকায় হাসপাতালের রোগীদের চরম

*(১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## রামেক হাসপাতালে

*(২০-এর পৃষ্ঠার পর)*

দুর্ভোগ পোহাতে হচ্ছে। অনেকটা ইন্টার্ন চিকিৎসকনির্ভর এ হাসপাতালে চিকিৎসা নিতে এসে চরম বেকায়দায় পড়েছেন রোগীরা। চিকিৎসা না পেয়ে অনেকেই ভিড় জমাচ্ছেন প্রাইভেট হাসপাতাল ও ক্লিনিকে। অবহেলায় রোগী মৃত্যুর অভিযোগে শুক্রবার দুপুরে রোগীর স্বজনরা ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে হাতাহাতিতে জড়ায়। এর পর থেকেই পাঁচ দফা দাবিতে আন্দোলনে নেমেছেন ইন্টার্ন চিকিৎসকরা।